গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
www.rda.gov.bd

পত্র নং: ৪৭.৬৪.১০৮৮.০২৭.২২.০০২.২০/ ২০৮

তারিখ: ২৪ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
০৭ এপ্রিল, ২০২৪ খ্রিস্টাব্দ

প্রিয় প্রশিক্ষণার্থী

আস্সালামু আলাইকুম।

১.০ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'য় আগামী ১৫ এপ্রিল – ১৩ জুন ২০২৪ খ্রি. মেয়াদে অনুষ্ঠেয় ০২ (দুই) মাস মেয়াদি বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাগণের ৮৬তম ও ৮৭তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন লাভ করায় আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

২.০ দেশ-মাতৃকার সার্বিক উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে স্বাস্থ্য অধিদপ্তরের নবীন কর্মকর্তাগণের সময়োপযোগী করে গড়ে তোলাই বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্য। আমরা আশা করি, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ ও সফল সমাপন আপনাকে একজন দক্ষ সরকারি কর্মকর্তা হিসেবে গড়ে তুলতে বিশেষভাবে সহায়তা করবে।

৩.০ আপনি জেনে আনন্দিত হবেন যে, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম, ইতিহাস ও ঐতিহ্য, মনোভাব পরিবর্তন, উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনার বিবর্তন, কলাকৌশল এবং জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক প্রেক্ষিতে প্রয়োজনীয় তাত্ত্বিক ও প্রায়োগিক বিষয়সমূহ এ কোর্সে অন্তর্ভুক্ত রয়েছে। দক্ষতা বৃদ্ধির প্রয়াসে এর সাথে আরো যুক্ত থাকবে, আইসিটিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম। এছাড়া কোর্সটি সরকারের পল্লী উন্নয়নের বিভিন্ন প্রয়াস সম্পর্কে বাস্তবিক জ্ঞান লাভে আপনার জন্য বিশেষভাবে সহায়ক হবে।

৪.০ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া বিভিন্ন পর্যায়ের সরকারি ও বেসরকারি কর্মকর্তাগণের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে প্রায়োগিক গবেষণা পরিচালনার ক্ষেত্রে একটি অনন্য জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত। নবীন কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান একাডেমীর নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রমের অন্যতম। ইতোমধ্যে একাডেমী সাফল্যজনকভাবে ৯০টির বেশি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ ও ছয় মাস মেয়াদি নিয়মিত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠানের অভিজ্ঞতায় সমৃদ্ধ। ঐতিহ্যগতভাবে আরডিএ'র সকল কর্মকাণ্ডে ব্যক্তিগত নিরাপত্তা, শৃঙ্খলা ও নিয়মানুবর্তীতাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়। এ কোর্সের প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণের পাশাপাশি শৃঙ্খলা ও নিয়মানুবর্তীতাকে সর্বোচ্চ গুরুত্ব প্রদানে আপনাকে সব সময় প্রস্তুত থাকতে হবে। মনে রাখা জরুরি যে, প্রশিক্ষণার্থীর সামগ্রিক কার্যক্রমের মূল্যায়নের ক্ষেত্রেও এটি একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

৫.০ সফলভাবে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সমাপ্তির জন্য নিচের কয়েকটি বিষয়ে আপনার মনোযোগ আকর্ষণ করছিঃ

৫.১ এ কোর্সে অংশগ্রহণের জন্য ১৪ এপ্রিল, ২০২৪ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে আরডিএ, বগুড়ায় আপনার উপস্থিতি নিশ্চিত করতে হবে। একই দিন সন্ধ্যা ০৭:০০ ঘটিকায় একাডেমী'র আইটি ভবনে কোর্স পরিচিতি অধিবেশনে আপনার উপস্থিতি বাধ্যতামূলক।

৫.২ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পূর্ণ আবাসিক এবং প্রশিক্ষণ চলাকালে আরডিএ'র ডরমিটরিতে প্রশিক্ষার্থীগণের অবস্থান বাধ্যতামূলক। এ কোর্সের মাধ্যমে আপনি সতীর্থ প্রশিক্ষণার্থীগণের সাথে অভিজ্ঞতা বিনিময়, সম্প্রীতির সেতুবন্ধন তৈরি, শরীরচর্চা ও খেলাধুলা কার্যক্রম, সান্ধ্যাকালীন অধিবেশন এবং দলীয় আলোচনায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারবেন। আশা করি কোর্সে যোগদানের পূর্বেই এসব বিষয়ে আপনার যথোপযুক্ত শারীরিক ও মানসিক প্রস্তুতি থাকবে।

৫.৩ ডরমিটরির কক্ষে খাট, তোশক, কম্বল/লেপ, বেডশিট, বালিশ, মশারি ইত্যাদি থাকবে। তবে ব্যক্তিগত ব্যবহার্য প্রয়োজনীয় সামগ্রী আপনাকে সাথে নিয়ে আসতে হবে।

৫.৩.১ কোর্সে পুরুষ প্রশিক্ষণার্থীগণের হালকা রং এর ফুল স্লিভ শার্ট ও ফুলপ্যান্ট এবং নারী প্রশিক্ষণার্থীগণের মার্জিত শাড়ি পরিধান করে প্রশিক্ষণসহ সকল আনুষ্ঠানিক অধিবেশনে অংশগ্রহণ করতে হবে। কোর্সে যোগদানের পরে দ্রুততার সাথে সরকার নির্ধারিত পোশাক ভাতা প্রাপ্তির পর পুরুষ ও নারী প্রশিক্ষণার্থীগণ পোশাক কমিটির মাধ্যমে একই রং ও ডিজাইনের শার্ট-প্যান্ট/ সালোয়ার কামিজ/ শাড়ি/ স্যুট/ শেরওয়ানি তৈরি করে অধিবেশনে পরিধান করবেন।

৫.৩.২ শরীরচর্চা ও খেলাধুলায় অংশগ্রহণের জন্য পৃথক পোশাকের প্রয়োজন হবে। পুরুষ প্রশিক্ষণার্থীগণ সাদা প্যান্ট, সাদা ট্র্যাক স্যুট, কলারসহ সাদা টি-শার্ট এবং সাদা কেডস ও সাদা মোজা ব্যবহার করবেন। নারী প্রশিক্ষণার্থীগণ সাদা সালোয়ার-কামিজ ও সাদা ওড়না/স্কার্ফ (কিংবা সাদা ট্র্যাক স্যুট) এবং সাদা কেডস্ ও সাদা মোজা ব্যবহার করবেন । কেডস্ কেনার সময় আপনি অবশ্যই শরীরচর্চা ও খেলাধুলার জন্য যথেষ্ট উপযোগী, নিরাপদ ও আরামদায়ক কিনা তা ভালভাবে যাচাই করে নেবেন। প্রশিক্ষণের প্রথম দিন থেকেই উল্লিখিত পোশাকাদি প্রয়োজন বিধায় এগুলো আগে থেকেই সংগ্রহ করে সাথে নিয়ে আসতে হবে।

CamScanner

৫.৩.৩ **প্রশিক্ষণ চলাকালে কোন প্রকার ছুটি প্রদানের বিধান নেই।** তাই আপনার বেতন-ভাতা আহরণের সুবিধার্থে কর্মস্থল ত্যাগের পূর্বেই এক সাথে দুই মাসের বেতন-ভাতা বিল স্বাক্ষর করে কর্মস্থলে জমা দিয়ে আসবেন।

৫.৩.৪ একাডেমীতে অবস্থানকালে সরকার নির্ধারিত হারে দৈনিক ভাতা প্রদান করা হবে যা মেস কমিটির মাধ্যমে ব্যয়িত হবে।

৬.০ বুনিয়াদি প্রশিক্ষণ একটি অত্যন্ত পরিশ্রমসাধ্য ও নিবিড় কোর্স। সে কারণে, সন্তানসম্ভবা নারী কর্মকর্তাকে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য পরামর্শ দেওয়া হল। সন্তানসম্ভবা কোন নারী কর্মকর্তা তথ্য গোপন করে কোর্সে অংশগ্রহণ করলে বিষয়টি গোচরীভূত হওয়া মাত্র তাৎক্ষণিকভাবে তাঁকে কোর্স থেকে অব্যাহতি দেয়া হবে।

৭.০ নারী প্রশিক্ষণার্থীগণ ১-৩ বছর বয়সী শিশুসহ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে প্রতিমাসের সিট ভাড়া ও অন্যান্য ইউটিলিটি খরচ বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা হিসেবে জমা প্রদান সাপেক্ষে ডরমিটরিতে অবস্থান করতে পারবেন। আরডিএ'তে একটি শিশু বিকাশ কেন্দ্র (Day Care Centre) রয়েছে। নারী প্রশিক্ষণার্থীগণকে শিশু বিকাশ কেন্দ্রে শিশুকে রাখার ব্যাপারে উৎসাহিত করা হচ্ছে। পূর্ব প্রস্তুতির জন্য এ বিষয়টি কোর্সে যোগদানের পূর্বেই আরডিএ শিশু বিকাশ কেন্দ্রের ইনচার্জ জনাব ড. সালমা মোবারেক, উপপরিচালককে ফোনে (ফোন নং- ০১৭১৬৩৩৪০৮৯) নিশ্চিত করতে হবে।

৮.০ আপনি জেনে আনন্দিত হবেন যে, ইন্টারনেট ব্রাউজিং এর জন্য আরডিএতে Wi-Fi সুবিধা রয়েছে। তথ্য প্রযুক্তির এ আধুনিক সুবিধা ব্যবহারের জন্য আপনাকে ব্যক্তিগত ল্যাপটপ সাথে নিয়ে আসতে হবে। ব্যক্তিগত ল্যাপটপ সাথে না থাকলে কোর্সের বিভিন্ন এ্যাসাইনমেন্ট ও হোমওয়ার্ক যথাসময়ে সম্পাদন করতে অসুবিধা হবে। আরডিএ ল্যাপটপ প্রদানের বা ল্যাপটপ রক্ষণাবেক্ষণের কোন প্রকার নিশ্চয়তা প্রদান করে না।

৯.০ <u>ক্লাসরুমে মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।</u>

১০.০ শেষ করার আগে আরো কিছু জরুরী বিষয়ে বিশেষভাবে আপনার মনযোগ আকর্ষণ করছি-

- আপনাকে নিজস্ব ব্যবস্থাপনায় <u>১৪ এপ্রিল, ২০২৪ খ্রি. রবিবার বিকাল ০৫.০০ ঘটিকার</u> মধ্যে আবশ্যিকভাবে আরডিএ, বগুড়াতে যোগদান করে আপনার জন্য নির্ধারিত ডরমিটরি কক্ষের চাবি বুঝে নিতে হবে। আরডিএ'তে একক/ দলীয় পর্যায়ে প্রশিক্ষণার্থীগণের জন্য কোন ধরণের পরিবহন সুবিধা দেওয়া হয় না।
- প্রয়োজনীয় পোশাক, ঔষধপত্র, ল্যাপটপ, চশমা ও অন্যান্য নিত্যব্যবহার্য সামগ্রী অবশ্যই সাথে আনবেন।

১১.০ কোর্সে যোগদানের পূর্বে কোর্স ব্যবস্থাপনা বিষয়ে যে কোন তথ্য সহায়তার জন্য নিচের মোবাইল ফোনের যে কোন নাম্বারে যোগাযোগ করা যেতে পারেঃ

| ৮৬তম | ৮৭তম |
|---|---|
| ড. সালমা মোবারেক, উপপরিচালক ও সহযোগী কোর্স পরিচালক, মোবাইল নং: ০১৭১৬৩৩৪০৮৯ | জনাব মোছাঃ রেবেকা সুলতানা, উপপরিচালক ও সহযোগী কোর্স পরিচালক, মোবাইল নং: ০১৭১২৪৯১৭২৫ |
| জনাব মৌপিয়া আবেদীন, সহকারী পরিচালক ও কোর্স সমন্বয়ক, মোবাইল নং: ০১৭২০৬৫৬০৪২ | জনাব মোঃ আল মামুন, উপপরিচালক ও কোর্স সমন্বয়ক, মোবাইল নং: ০১৭২২৯৩৬০৫৬ |
| জনাব মোঃ আব্দুল্লাহ আলআমীন, সহকারী পরিচালক ও কোর্স সমন্বয়ক, মোবাইল নং: ০১৭৯০৩৯৪০৮০ | জনাব মোঃ সিয়াম সালাউদ্দিন, সহকারী পরিচালক ও কোর্স সমন্বয়ক; মোবাইল নং: ০১৯৭০৪৩৮২৮৩ |

১২.০ আশা করছি, প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত আরডিএ'র সবুজ চত্বরের মনোরম পরিবেশে অনুষদ সদস্য, সতীর্থ ও বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণের সান্নিধ্যে আপনার সময় আনন্দে কাটবে। পরিশেষে, আরডিএ'তে আপনার নিরাপদ উপস্থিতি এবং সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি।

07.04.2024

(মোঃ ফেরদৌস হোসেন খান)
পরিচালক (প্রশিক্ষণ)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

**প্রাপক**

সকল মনোনিত কর্মকর্তা
বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাগণের ৮৬তম ও ৮৭তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

CamScanner